গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৬.২০.২৯৮

তারিখ: ৩০ কার্তিক ১৪২৮
১৫ নভেম্বর ২০২১

বিষয়: **মহামান্য হাইকোর্টের বিভাগের রিট পিটিশন নং-৮১০৫/২০২১ মামলার অন্তর্বর্তীকালীন আদেশ অনুযায়ী আবেদনটি নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**


উপর্যুক্ত বিষয়েরপরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নওগাঁ জেলার রাণীনগর উপজেলার ইউনাইটেড উচ্চ বিদ্যালয় এর সহকারী শিক্ষক শরীরচর্চা নিয়োগের লক্ষ্যে ৬ই জুলাই ২০০২ ও ৩রা ডিসেম্বর ২০০৪ সালে স্থানীয় জনবহুল দৈনিক প্রকাশিত করতোয়া পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের পরও বি.পি.এড প্রশিক্ষণপ্রাপ্ত সহকারী শিক্ষক শরীরচর্চা পদে আবেদন না পাওয়ায় পুনরায় ২০শে ডিসেম্বর ২০০৪ সালে একই পত্রিকায় সহকারী শিক্ষক শরীরচর্চা পদে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে শিক্ষর্থীদের স্বার্থে বি.পি.এড প্রশিক্ষণবিহীন জনাব মোঃ মাহবুবে সালাম খাঁন-কে নিয়োগ দেওয়া হয়।

তৎকালীন ম্যানেজিং কমিটির অধিবেশন নং- (২২)ক/২০০৫ তারিখ ২৯/০১/২০০৫ এর সিদ্ধান্ত মোতাবেক ও তিনশত টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্পে এক বছরের মধ্যে বি.পি.এড প্রশিক্ষণ গ্রহণ করবেন মর্মে অঙ্গীকারনামার ভিত্তিতে নিয়োগপ্রাপ্ত সহকারী শিক্ষক (শরীরচর্চা) পদে শর্ত সাপেক্ষে নিয়োগ দেওয়া হয়। শর্ত মোতাবেক ২০০৫-২০০৬ শিক্ষাবর্ষে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন বি.পি.এড প্রশিক্ষণ গ্রহণ করেন। ২০১৯-২০২০ অর্থবছরে নওগাঁ জেলার রাণীনগর উপজেলার ইউনাইটেড উচ্চ বিদ্যালয়টি এম.পি.ওভুক্ত হয়। কিন্তু সহকারী শিক্ষক (শরীরচর্চা) জনাব মোঃ মাহবুবে সালাম খাঁন নিয়োগে ত্রুটি থাকায় এম.পি.ও ভুক্তি হতে না পারায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বরাবর ৩০/০৯/২০২০ তারিখে আবেদন করেন।

জনাব মোঃ মাহবুবে সালাম খাঁন এর আবেদনের প্রেক্ষিতে বেসরকারি মাধ্যমিক-৩ শাখা থেকে বর্ণিত বিষয়টি যাচাইপূর্বক বিদ্যমান নীতিমালা অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা-কে ব্যবস্থা গ্রহণের জন্য ১৫/১০/২০২০ ইং তারিখে পত্র প্রেরণ করা হয়েছিল। সেই পত্রের প্রেক্ষিতে কোন ব্যবস্থা গ্রহণ না করায় তিনি সংক্ষুব্ধ হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৮১০৫/২০২১ মামলা দায়ের করেন। এ মামলায় ২৭/০৯/২০২১ তারিখে নিম্নরূপ অন্তর্বর্তীকালীন আদেশ প্রদান করেন:

"The Respondent no.2 is directed to dispose of the petitioner's representation dated 30.09.2020 (Annexure-G) to the writ petition within a period of 45 (forty five) days from the date of receipt of this order in accordance with law and communicate the decision to the petitioner."

২। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৮১০৫/২০২১ মামলার অন্তর্বর্তীকালীন আদেশের প্রেক্ষিতে জনাব মোঃ মাহবুবে সালাম খাঁন বাদীর ৩০/০৯/২০২০ ইং তারিখের আবেদনটি (Annexure-'G') বিধি মোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



১৫-১১-২০২১
মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব

অতিরিক্ত সচিব
মাধ্যমিক-২ অনুবিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৬.২০.২৯৮/১

তারিখ: ৩০ কার্তিক ১৪২৮
১৫ নভেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৫-১১-২০২১
মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব